

শাবি শিক্ষার্থীদের ভর্তি-সেমিস্টার ও ক্রেডিট ফি কমল

শাবিপ্রবি প্রতিনিধি

০৫ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) শিক্ষার্থীদের প্রতি সেমিস্টারে সেমিস্টার ফি ৫০০ টাকা ও ল্যাব ফি ১৫ ও ৪০ টাকা এবং ক্রেডিট ফি ২০ টাকা করে হ্রাস করা হয়েছে। চলমান সেমিস্টার থেকে তা কার্যকরের সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানানো হয়। এর আগে গত ২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত জরুরি একাডেমিক কাউন্সিলে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ল্যাব ফি ১৫ টাকা করে কমানো হয়েছে। যা পূর্বে প্রতি ক্রেডিট ১৭৫ টাকা ছিল, কমে হয়েছে ১৬০ টাকা এবং সেমিস্টার ফি ৫০০ টাকা হ্রাস করা হয়েছে। অন্যদিকে ২০২২-২৩ এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের (স্নাতক ও স্নাতকোত্তর) তৃতীয় প্রতি ক্রেডিট ২০ টাকা করে কমানো হয়েছে। যা পূর্বে ছিল ১৪০ টাকা, কমে হয়েছে ১২০ টাকা। ল্যাব প্রতি ক্রেডিট ৪০ টাকা করে কমানো হয়েছে। যা পূর্বে ছিল ২০০ টাকা, কমে হয়েছে ১৬০ টাকা। এ ছাড়া উভয় শিক্ষাবর্ষের সেমিস্টার ফি পূর্বের ফি থেকে ৫০০ টাকা কমানো হয়েছে। বর্তমান নির্ধারিত ফি অনুসারে ২০২২-২৩ এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একজন শিক্ষার্থী তৃতীয় সর্বোচ্চ ৩০ ক্রেডিট রেজিস্ট্রেশন করলে পূর্বের ফি থেকে ১ হাজার ১০০ টাকা কমে দিতে হবে ২ হাজার ৫০০ টাকা। পূর্বে যা ছিল ৩ হাজার ৬০০ টাকা। তবে যেসব শিক্ষার্থী ফি জমা দিয়েছেন রসিদ জমা সাপেক্ষে তাদের জমাকৃত ফি পরবর্তী সেমিস্টারে সমন্বয় করা হবে।